



মোঃ মাকরুজ্জামান
উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েবসাইটঃ www.mpa.gov.bd



“সংবাদ বিজ্ঞপ্তি”

“মোংলা বন্দর চেয়ারম্যান এর মায়ের রত্নগর্ভা মা-২০২১ অ্যাওয়ার্ড অর্জন”

মা ছোট্ট একটি শব্দ হলেও পৃথিবীর সবচেয়ে মর্যাদাপূর্ণ, মহিমান্বিত ও অমূল্য সম্পদ হলো মা। মা হলেন পৃথিবীর শ্রেষ্ঠ উপহার, পরিবার, সমাজ, দেশ, সর্বোপরি পৃথিবী গড়ার এক মহিমান্বিত শিল্পী। মা হলো ত্যাগ ও ভালোবাসায় পরিপূর্ণ একজন মানুষ। আর এমনই একজন মা হলেন, মোসাম্মৎ আমেনা বেগম। এই গুণি মাকে ০৮ মে, ২০২২ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় ঢাকা ক্লাবের সামশান এইচ চৌধুরী সেন্টারে এ পুরস্কার প্রদান করা হয়।

১৯৪২ সালের ২০ মে, তৎকালীন স্কুল শিক্ষক এ কে মুর্শেদ আহমেদ ও ফাতেমা বেগমের ঘর আলোকিত করে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন এই মা। পিতা-মাতার তিন সন্তানের মধ্যে তিনিই প্রথম সন্তান, রক্ষণশীল ও ধার্মিক পরিবারের সন্তান হওয়ায় ধর্মীয় শিক্ষার পাশাপাশি লেখাপড়ার প্রতি ছিল তার তীব্র আকর্ষণ ও ভালোবাসা। স্বামী সরকারি চাকুরিজীবী হওয়ায় দেশের বিভিন্ন জেলায় যখন কর্মরত তখনই তিনি তার অসামান্য ত্যাগ, অকৃত্রিম ভালোবাসা, মেধা, ধর্মানুভবতা, বিচক্ষণতা ও কঠোর শাসনের মাধ্যমে ০৫ (পাঁচ) সন্তানকে সুশিক্ষিত, যোগ্য, দক্ষ নাগরিক হিসেবে গড়ে তুলেছেন।

তার ০৫ (পাঁচ) সন্তানের প্রথম সন্তান এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান, বিবিপি। তিনি বর্তমানে চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ হিসাবে কর্মরত। দ্বিতীয় সন্তান রিয়াজ এডমিরাল মোহাম্মদ মুসা, চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ হিসাবে কর্মরত। তৃতীয় সন্তান মোঃ তারিকুল রহমান, সিনিয়র সার্ভেয়ার (ভূতত্ত্ববিদ), চতুর্থ সন্তান মোঃ মাহবুবুর রহমান, একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের জেনারেল ম্যানেজার, ও পঞ্চম সন্তান একমাত্র কন্যা শাহনাজ আন্জুম, বর্তমানে সিনিয়র কর্মকর্তা, ট্রাস্ট ব্যাংক লিঃ এ কর্মরত রয়েছে।

বাংলাদেশের নিরাপত্তা নিশ্চিত, দেশের অর্থনৈতিক উন্নয়নে মায়ের এই সুযোগ্য সন্তানেরা নিরলসভাবে পরিশ্রম করে চলেছেন। তার তৃতীয় সন্তান মোঃ তারিকুর রহমান দেশ থেকে উচ্চ শিক্ষা শেষ করে বিদেশের মাটিতে অস্ট্রেলিয়াতে দক্ষতার সাথে দায়িত্ব পালন করে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করে চলেছেন।

সাবলিল, সাধারণ, পরোপকারী, মিস্তিভাষী, ধার্মিক, পরিশ্রমী, সহনশীল, দায়িত্ববান ও অসামান্য মানবিক গুণাবলীর সমন্বয়ে এক অসামান্য মানবীয় চরিত্রে সাদা মনের মানুষ মা আমেনা বেগম।

স্বাক্ষরিত/-
উপসচিব